

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বন অধিশাখা-১
প্রজ্ঞাপন

তারিখ, ০৪ নভেম্বর ২০১৫ খ্রিঃ

নং পবম/(বঃ শাঃ-১)/১০/২০১০/৩৮৫—সেহেতু সরকার নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Establishment of GMDSS and Integrated Maritime Navigation System (EGIMNS)” প্রকল্পের আওতায় বাতিঘর এবং কোস্টাল রেডিও স্টেশন স্থাপনের জন্য বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাস্থ দুবলারচরের অন্তর্গত মেহেরআলীর চরে সংরক্ষিত সুন্দরবনের কমপার্টমেন্ট নং-৪৫ এ ১.০০ (এক) একর বনভূমি ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাটের নিম্নবর্ণিত তফসিলভুক্ত বনভূমি বিজ্ঞপ্তি জারির তারিখ হতে “Establishment of GMDSS and Integrated Maritime Navigation System (EGIMNS)” প্রকল্পের আওতায় বাতিঘর এবং কোস্টাল রেডিও স্টেশন স্থাপনের জন্য ব্যবহারের অনুমতি প্রদান করা হল :

ভূমির তফসিল :

জেলার নাম	থানা	মৌজা	ব্লক	কম্পার্টমেন্ট নং	জিপিএস রিডিং	ভূমির পরিমাণ
বাগেরহাট	শরণখোলা	-	-	৪৫	N ২১°-৪৩'-৪৭.৩" E ৮৯°-৩৪'-২৪.২" N ২১°-৪৩'-৪৭.৪" E ৮৯°-৩৪'-২৪.২" N ২১°-৪৩'-৪৫.৬" E ৮৯°-৩৪'-২৭" N ২১°-৪৩'-৪৭.৭" E ৮৯°-৩৪'-২৭"	১.০ একর

(৮৮৫৫)

মূল্য : টাকা ৪.০০

চৌহদ্দি :

উত্তরে : সংরক্ষিত বনাঞ্চল
দক্ষিণে : মেহের আলী খাল
পূর্বে : সংরক্ষিত বনাঞ্চল
পশ্চিমে : সংরক্ষিত বনাঞ্চল

বাতিঘর এবং কোস্টাল রেডিও স্টেশনের আতয়ন

দৈর্ঘ্য ২০৮.৭১ ফুট এবং প্রস্থ ২০৮.৭১ ফুট = ৪৩৫৬০.০০ বর্গফুট
= ১.০০ (এক) একর।

২। এ প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল উদ্দিন আহমেদ
সচিব।